

সংবাদ বিজ্ঞপ্তি

তারিখ: ১২/০৪/২০১৯ খ্রিষ্টাব্দ

বাংলা নববর্ষকে বরণের উদ্দেশ্যে বাংলাদেশ জাতীয় জাদুঘরের আয়োজনে লোকসংগীতানুষ্ঠান এবং পিঠা ও কারুশিল্প মেলার উদ্বোধনী অনুষ্ঠান

১৪২৫ বঙ্গাব্দের বিদায় এবং ১৪২৬ বঙ্গাব্দকে বরণ করার জন্য বাংলাদেশ জাতীয় জাদুঘর লোকসংগীতানুষ্ঠান এবং পিঠা ও কারুশিল্প মেলার আয়োজন করেছে। আগামী ৩১ চৈত্র ১৪২৫/১৩ এপ্রিল ২০১৯, শনিবার সন্ধ্যা ৬.৩০ মিনিটে বাংলাদেশ জাতীয় জাদুঘরের সামনের চত্বরে অস্থায়ী মঞ্চে লোকসংগীতানুষ্ঠান এবং জাদুঘর ভবনের দক্ষিণ প্রাঙ্গণে পিঠা এবং কারুশিল্প মেলা উদ্বোধন করা হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী **জনাব কে এম খালিদ** এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে অনুষ্ঠান উদ্বোধন করবেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সম্মানিত ভারপ্রাপ্ত সচিব **ড. মো. আবু হেনা মোস্তফা কামাল** এনডিসি। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন বাংলাদেশ জাতীয় জাদুঘর বোর্ড অব ট্রাস্টিজের সভাপতি **শিল্পী হাশেম খান**।

পুরনো বছরকে বিদায় এবং নতুন বছরকে বরণের এই উদ্বোধনী আয়োজনের সংবাদ গ্রহণের জন্য আপনার বহুল প্রচারিত গণমাধ্যমের প্রতিনিধি প্রেরণ করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

ড. শিহাব শাহরিয়ার
কীপার, জনশিক্ষা বিভাগ
বাংলাদেশে জাতীয় জাদুঘর

বার্তা সম্পাদক/ বার্তা পরিচালক

ঢাকা